দৈনিক সংবাদ

তারিখ ... FEB 01 2000 ...
পৃষ্ঠা 6 কলাম 2

15

# চট্টগ্রামে আজ থেকে মাসব্যাপী একুশ মেলা শুরু হচ্ছে

চট্টগ্রাম ব্যুরো ঃ আজ ১লা ফেব্রুয়ারি মঙ্গলবার থেকে আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষে চট্টগ্রামে মাসব্যাপী একুশ মেলা শুরু হচ্ছে। ইতোমধ্যে মেলা সুষ্ঠুভাবে অনুষ্ঠানের লক্ষ্যে ব্যাপক প্রস্তুতি সম্পন্ন হয়েছে।

এবার একুশ মেলা উপলক্ষে নগরীর কেন্দ্রস্থল জুড়ে বর্ণাঢ্য আঙ্গিকে স্বদেশী মেলা, সবুজ মেলা ও বইমেলা বসবে। মেলা মঞ্চে প্রতিদিন অনুষ্ঠিত হবে আলোচনা সভা ও বাঙালি সংস্কৃতির বিভিন্ন শাখার উৎসব। মেলা মঞ্চ স্থাপিত হবে ঐতিহাসিক লালদিঘি মাঠে। এর পাশাপাশি কেন্দ্রীয় শহীদ মিনারে ও চট্টগ্রাম মিউনিসিপ্যাল হাইস্কুল সংলগ্ন বিশাল প্রাঙ্গণব্যাপী এবার মেলা আয়োজনের প্রস্তুতি চলছে। একুশ মেলায় এবারকার বইমেলাকে আন্তর্জাতিক মানের রূপ দেয়া হবে। বইমেলায় অংশগ্রহণের জন্য একাধিক আন্তর্জাতিক প্রকাশনা সংস্থাসহ উল্লেখযোগ্য কয়েকটি সংস্থা স্টল বরাদ্দ নিয়েছে। স্টল নিতে আগ্রহীদের সিটি করপোরেশনস্থ মেলার অস্থায়ী কার্যালয়ে আগে আসলে আগে বরাদ্দের অঙ্গীকারে যোগাযোগের আহ্বান জানানো হয়েছে। সাংস্কৃতিক অনুষ্ঠানে অংশগ্রহণে ইচ্ছুক প্রতিষ্ঠানগুলোকে শিগগিরই মেলা দপ্তরে যোগাযোগের অনুরোধ জানানো হয়েছে। এবার বৃহৎ ব্যাপ্তিতে আয়োজিত এ মেলায় অন্যান্যবারের চেয়ে অধিক পরিমাণে প্রথিতযশা বুদ্ধিজীবী, সাহিত্যিক ও শিল্পীবৃন্দের অংশগ্রহণের নিশ্চিতের ব্যাপক প্রস্তুতি নেয়া হয়েছে।

এদিকে রোববার বিকেলে মেলা প্রস্তুতি পর্যালোচনার সভাটি মেলার অস্থায়ী কার্যালয়ে প্রকৌশলী রেজাউল আমিন খানের সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। এতে মেলার বিভিন্ন দিক নিয়ে আলোচনা করা হয়।